# Times Today BD

রকিবুল হাসান রকি | রাজশাহী | 14 April, 2025

রাজশাহী পুঠিয়া পৌরসভার সাবেক মেয়র আল মামুন খান এর নেতৃত্বে বাংলা নববর্ষ ১৪৩২ এর আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত হয়।এই শোভাযাত্রা ঘিরে সাধারণ মানুষের মধ্যে দেখা দিয়েছে আনন্দ ও উৎসাহ উদ্দীপনা।

সোমবার (১৪ এপ্রিল) সকাল ১১ টায় উপজেলা সদরে ঢাকা রাজশাহী মহাসড়কে মহিষের গাড়িবহর সাথে কৃষকের মাথাল পড়ে এসো হে বৈশাখ গান পরিবেশন করে সাধারণ মানুষের সাথে বাংলা নববর্ষের আনন্দ ভাগাভাগি করেছেন সাবেক মেয়র আল মামুন খান।

আনন্দ শোভাযাত্রায় বিএনপি নেতা কর্মীসহ দলের  অন্যান্য অঙ্গ সংগঠন ও অংশগ্রহণ করেন।পাশাপাশি স্থানীয় জনগণ  আনন্দ শোভাযাত্রা অংশগ্রহণ করেন।

রাস্তার ধারে দাঁড়িয়ে থাকা একাধিক দর্শনার্থীরা জানান, সাবেক মেয়র আল মামুন খানের মহিষের গাড়িতে উঠে কৃষকের রূপে দেখি আমাদের অনেক ভালো লেগেছে।এছাড়াও তার এমন চিন্তা ধারা আমাদের প্রকৃতই বাঙালি  হিসেবে মনে করে দেয়।আমরা সাধারণ জনগণ মেয়র আল মামুন খান  এমন সুন্দর একটি আনন্দ শোভাযাত্রা উপস্থাপন করার জন্য সাধুবাদ জানাই।

পুঠিয়া পৌরসভার সাবেক মেয়র আল মামুন খান জানান, বছরের আজ এই প্রথম দিন এমন উন্মুক্তভাবে এই প্রথম দীর্ঘ ১৭ বছর পরে উদযাপন করছি ।

পাশাপাশি সাধারণ মানুষকে নিয়ে একসাথে পথ চলতে পারে আমরা অনেক আনন্দিত।পাশাপাশি নতুন বছর সবার জীবনে আসে সাফল্য ও সমৃদ্ধি।

বাংলা নববর্ষ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 04:53

URL: https://www.timestodaybd.com/public/rajshahi/781775807